গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

ঢাকা, বৃহস্পতিবার ১২ মার্চ ২০১৫, ২৮ ফাল্গুন ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। পরোয়ানা থানায় পৌঁছামাত্র খালেদা জিয়া গ্রেফতার হবেন : সংসদে প্রধানমন্ত্রী
২। ক্রয় কমিটির বৈঠকে ইউক্রেন থেকে গম আমদানিসহ ৭ প্রস্তাব অনুমোদন
৩। ভ্যাট অভিন্ন রেটেই আদায় হবে : অর্থমন্ত্রী
৪। সারাদেশে ২ লাখ ৭৬ হাজার ৫৮৭টি সরকারি পদ শূন্য : সংসদে জনপ্রশাসন প্রতিমন্ত্রী
৫। বাংলাদেশ থেকে সামরিক প্রশিক্ষণে আগ্রহী নেপাল
৬। বদলে যাচ্ছে সরকারের সামাজিক নিরাপত্তা বেষ্টনী
৭। বিমান বাহিনীতে ২৫ শতাংশ নারী কর্মকর্তা নিয়োগ পাচ্ছে : সংসদীয় কমিটির বৈঠক
৮। বিশ্ব কিডনি দিবস আজ
৯। মাধ্যমিকের ইংরেজি পাঠদানে নতুন পদ্ধতি : ক্লাসেই লিসেনিং অনুশীলন
১০। বৈদেশিক মুদ্রা লেনদেনের ক্ষেত্রে এজেন্ট নিয়োগে নতুন নির্দেশনা জারি করেছে বাংলাদেশ ব্যাংক
১১। বোনম্যারো প্রতিস্থাপনে শতভাগ সাফল্য বাংলাদেশের
১২। তৈরি পোশাক খাতে বাংলাদেশ উল্লেখযোগ্য পরিবর্তন এনেছে

চলমান পাতা/২

১। পরোয়ানা থানায় পৌঁছামাত্র খালেদা জিয়া গ্রেফতার হবেন : সংসদে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা জানিয়েছেন, আদালতের গ্রেফতারি ও তল্লাশি পরোয়ানা সংশ্লিষ্ট থানায় পৌঁছামাত্রই বিএনপি নেত্রী খালেদা জিয়াকে গ্রেফতার এবং তাঁর গুলশানের কার্যালয়ে তল্লাশির আদেশ বাস্তবায়ন করা হবে। কারণ দেশের কেউই আইনের উর্ধ্বে নয়। যারা আন্দোলনের নামে নিষ্ঠুরভাবে এতো মানুষ হত্যা করেছে, তাদের বিচারের মুখোমুখি হতেই হবে। এটা শুধু এখন সময়ের ব্যাপার মাত্র। তিনি দ্ব্যর্থহীন কণ্ঠে বলেন, আইন তার নিজস্ব গতিতেই চলবে। আর আইন অনুযায়ী সকল হত্যাকাণ্ডের বিচার হবে। গতকাল ১১ মার্চ বুধবার জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে বিভিন্ন সম্পূরক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৩), জনকণ্ঠ (পৃ.১,ক.২), সমকাল (পৃ.১,ক.৩), ডেইলি স্টার (পৃ.১,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.১)। সংবাদ, ইনকিলাব, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। ক্রয় কমিটির বৈঠকে ইউক্রেন থেকে গম আমদানিসহ ৭ প্রস্তাব অনুমোদন

ইউক্রেন থেকে জি টু জি-এর ভিত্তিতে এবং আন্তর্জাতিক কোটেশনের মাধ্যমে আড়াই লাখ মেট্রিক টন গম আমদানিসহ মোট ৭টি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকার। গতকাল ১১ মার্চ বুধবার সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে অনুষ্ঠিত ক্রয় কমিটির বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.২), সমকাল (পৃ.১৭,ক.১), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.৩), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৩)।

৩। ভ্যাট অভিন্ন রেটেই আদায় হবে : অর্থমন্ত্রী

মূল্য সংযোজন কর (ভ্যাট) এক ও অভিন্ন রেটে আদায় করা হবে। বিশ্বের অনেক দেশে এ পদ্ধতি অনুসরণ করা হচ্ছে। তবে আগামী বছরের বাজেট বৈঠকে এ বিষয়ে আলোচনার সুযোগ থাকবে। গতকাল ১১ মার্চ বুধবার মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২ সংক্রান্ত সেমিনারে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এ কথা বলেন। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.২), প্রথম আলো (পৃ.১২,ক.৩), ইত্তেফাক (পৃ.১৮,ক.৩)।

৪। সারাদেশে ২ লাখ ৭৬ হাজার ৫৮৭টি সরকারি পদ শূন্য : সংসদে জনপ্রশাসন প্রতিমন্ত্রী

সারাদেশে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন দফতর ও সংস্থায় মোট দুই লাখ ৭৬ হাজার ৫৮৭টি সরকারি পদ শূন্য রয়েছে বলে সংসদকে জানিয়েছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী বেগম ইসমত আরা সাদেক। গতকাল ১১ মার্চ বুধবার দশম জাতীয় সংসদের পঞ্চম অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে প্রতিমন্ত্রী এ তথ্য জানান। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.১), যায়যায়দিন (পৃ.১৫,ক.২), যুগান্তর (পৃ.২,ক.১)।

৫। বাংলাদেশ থেকে সামরিক প্রশিক্ষণে আগ্রহী নেপাল

নেপালের সেনাবাহিনী প্রধান বাংলাদেশের সামরিক ইনস্টিটিউটের আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ কোর্সের প্রশংসা করে বলেছেন, তাঁর দেশ ভবিষ্যতে তাঁদের সেনা সদস্যের জন্য এই প্রশিক্ষণ কর্মসূচি অব্যাহত রাখতে আগ্রহী। সফররত নেপালের সেনাপ্রধান জেনারেল গৌরব শামশের জং বাহাদুর রানা গতকাল ১১ মার্চ বুধবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর তেজগাঁও কার্যালয়ে সাক্ষাৎকালে এ কথা বলেন। সেনাপ্রধান বলেন, এ পর্যন্ত নেপালের ২১৫ সেনা কর্মকর্তা বাংলাদেশ থেকে সামরিক প্রশিক্ষণ নিয়েছে। তাঁর দেশ ভবিষ্যতেও এই প্রশিক্ষণ অব্যাহত রাখতে চায়। সূত্র-জনকণ্ঠ (পৃ.৩,ক.২), ইত্তেফাক (পৃ.৩,ক.১), সমকাল (পৃ.২,ক.১), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৩), নিউজ টুডে (শেষ পৃ.,ক.১)।

৬। বদলে যাচ্ছে সরকারের সামাজিক নিরাপত্তা বেষ্টনী

বদলে যাচ্ছে সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচি। সেই সঙ্গে এ খাতে বরাদ্দ বৃদ্ধি ও বিনিয়োগকে উৎপাদনমুখী করার উদ্যোগ নেওয়া হচ্ছে। এ জন্য চূড়ান্ত করা হয়েছে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলপত্র। এর মাধ্যমে ধীরে ধীরে বর্তমানে চলমান প্রায় ৯০ কর্মসূচিকে এক ছাতার নিচে নিয়ে আসা হবে। তাছাড়া আসছে ব্যাপক পরিবর্তন। গতকাল ১১ মার্চ বুধবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা এটি চূড়ান্ত করতে সম্মতি দিয়েছেন। অবিলম্বে এ কৌশলপত্রটি মন্ত্রিপরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে বলে জানা গেছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.১), প্রথম আলো (পৃ.২,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.৩), ডেইলি সান (পৃ.২,ক.৩)।

৭। বিমান বাহিনীতে ২৫ শতাংশ নারী কর্মকর্তা নিয়োগ পাচ্ছে : সংসদীয় কমিটির বৈঠক

বাংলাদেশ বিমান বাহিনীতে নারীর ক্ষমতায়ন বাড়ছে। 'বাংলার আকাশ রাখিব মুক্ত' এ মূল মন্ত্রে বিশ্বাসী বাহিনীটির বিভিন্ন শাখায় এখন অফিসার পদে ২০ থেকে ২৫ শতাংশ নারী নিয়োগ দেওয়া হচ্ছে। এছাড়া প্রথমবারের মতো এ বাহিনীতে নিয়োগ দেওয়া হয়েছে নারী বৈমানিক। গতকাল ১১ মার্চ বুধবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত প্রতিরক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে এসব তথ্য তুলে ধরা হয়। সূত্র-যুগান্তর (পৃ.৩,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.১)।

৮। বিশ্ব কিডনি দিবস আজ

বিভিন্ন সমীক্ষা থেকে জানা যায়, দেশে প্রায় দুই কোটি লোক কিডনি রোগে আক্রান্ত। ৮৫ ভাগ রোগী কিডনি নষ্ট হওয়ার আগে আক্রান্ত কিনা সেটা বুঝতেই পারে না। এটি একটি নীরব ঘাতক। কিডনি বিশেষজ্ঞরা

বলেছেন, কিডনি রোগ কখনো আগাম জানান দিয়ে আসে না। তবে কিডনি রোগে আক্রান্ত হওয়ার ঝুঁকি সম্পর্কে জানা এবং নিয়মিত পরীক্ষা করানো জরুরি। এমন বাস্তবতায় আজ বিশ্ব কিডনি দিবস পালিত হচ্ছে। বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশে যথাযথভাবে দিবসটি পালিত হচ্ছে। কিডনি রোগ সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি করাই এই দিবসটি পালনের মূল লক্ষ্য। এবারের প্রতিপাদ্য 'সবার জন্য সুস্থ কিডনি।' সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.২), সমকাল (শেষ পৃ.,ক.৩), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৪), নিউজ টুডে (পৃ.২,ক.৪)।

৯। মাধ্যমিকের ইংরেজি পাঠদানে নতুন পদ্ধতি : ক্লাসেই লিসেনিং অনুশীলন

দেশের মাধ্যমিক স্তরের স্কুল-মাদ্রাসায় ইংরেজি শিক্ষা পদ্ধতি বদলে যাচ্ছে। এখন থেকে গতানুগতিক পন্থায় শিক্ষকের দায়িত্ব কেবল পড়া দিয়ে তা আদায়ের মধ্যেই সীমাবদ্ধ থাকবে না। ইংরেজিতে পাঠদানে শ্রবণ, বলা, পড়া এবং লেখা-এ চারটিতে দক্ষতা তৈরি করে দিতে হবে শিক্ষার্থীকে। এ চারটির ওপর আলাদা পরীক্ষা নিয়ে নম্বরও দিতে হবে। সম্প্রতি এক পরিপত্রে শিক্ষা মন্ত্রণালয় এ নির্দেশনা জারি করেছে। সূত্র-যুগান্তর (পৃ.১,ক.১), যায়যায়দিন (শেষ পৃ.,ক.৩), সমকাল (পৃ.১,ক.১)।

১০। বৈদেশিক মুদ্রা লেনদেনের ক্ষেত্রে এজেন্ট নিয়োগে নতুন নির্দেশনা জারি করেছে বাংলাদেশ ব্যাংক

বৈদেশিক মুদ্রা লেনদেনে বিভিন্ন প্রকারের এজেন্ট নিয়োগে নতুন নির্দেশনা জারি করেছে বাংলাদেশ ব্যাংক। আন্তর্জাতিক ব্যবসায় পরিচালনায় স্থানীয় এজেন্ট নিয়োগ প্রক্রিয়া সহজ করা হয়েছে। এছাড়া সরকারি বিধিবিধান পরিবর্তন হওয়ার তথ্য বা প্রমাণাদি জমার ক্ষেত্রে বেশকিছু সংশোধনী আনা হয়েছে। গত ১০ মার্চ মঙ্গলবার বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগ এ সংক্রান্ত একটি পরিপত্র জারি করে বৈদেশিক লেনদেনকৃত অনুমোদিত ডিলার (এডি) ব্যাংকগুলোর কাছে পাঠিয়েছে। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১), যুগান্তর (পৃ.১,ক.১), ইত্তেফাক (পৃ.১৮,ক.২)।

১১। বোনম্যারো প্রতিস্থাপনে শতভাগ সাফল্য বাংলাদেশের

বোনম্যারো প্রতিস্থাপনে সফলতা দেখিয়েছে বাংলাদেশ। সুস্থ স্বাভাবিক জীবন ফিরে পেয়েছে দেশের ব্লাড ক্যান্সার আক্রান্ত ১৩ রোগী। প্রতিষ্ঠার এক বছরে সাফল্য অর্জন করেছে ঢাকা মেডিকেলে স্থাপিত বোনম্যারো ট্রান্সপ্লান্ট ইউনিট। এক বছর আগেও এ রোগের চিকিৎসা নিতে বিদেশে যেতে হতো। বিভিন্ন দেশে এ রোগের চিকিৎসাব্যয় ৫০ লাখ থেকে কোটি টাকা। আর ঢাকা মেডিকেলে বিদেশের তিন ভাগের এক ভাগ খরচ দিয়েই বোনম্যারো প্রতিস্থাপন সম্ভব হচ্ছে। ব্যয় আরও কমানোর চিন্তাভাবনা করছে সরকার। একটি উন্নয়নশীল দেশে এটি বিরল ঘটনা এবং গত এক বছরের প্রতিটি প্রতিস্থাপনই সফল হয়েছে বলে জানিয়েছেন অস্থিমজ্জা প্রতিস্থাপন প্রকল্পের পরিচালক অধ্যাপক এম এ খান। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২), যায়যায়দিন (পৃ.৩,ক.৩), যুগান্তর (পৃ.১৮,ক.২), নিউ নেশন (শেষ পৃ.,ক.১)।

১২। তৈরি পোশাক খাতে বাংলাদেশ উল্লেখযোগ্য পরিবর্তন এনেছে

তৈরি পোশাক খাতে বিশ্বের অন্যান্য দেশের তুলনায় বাংলাদেশ উল্লেখযোগ্য পরিবর্তন এনেছে বলে অভিমত দিয়েছে স্টেকহোল্ডার। তারা বলেছেন, বিশ্বের অনেক দেশের তুলনায় বাংলাদেশ শিল্প কলকারখানায় শ্রমিকদের অধিকার, নিরাপদ ও কর্মবান্ধব পরিবেশ সৃষ্টিতে উল্লেখযোগ্য পরিবর্তন সাধন করতে সক্ষম হয়েছে। এ সময় তারা তৈরি পোশাক শিল্পের গুণগত পরিবর্তনে বাংলাদেশের প্রতিশ্রুতি এবং আন্তরিকতার বিষয়ে প্রশংসাও করেন। জার্মানির বার্লিনে অনুষ্ঠিত দু'দিনের জি-৭ স্টেকহোল্ডার কনফারেন্সে পরামর্শক সভায় এসব কথা জানানো হয়েছে। সূত্র-সংবাদ (শেষ পৃ., ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৩), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৩)।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো, যুগান্তর : বিদ্যুৎ বিভাগে দুটি নির্মাণ কাজের দরপত্র জমা দেওয়া নিয়ে প্রতিদ্বন্দ্বী দু'দলের গোলাগুলি ও সংঘর্ষের ঘটনা উদ্বেগজনক উল্লেখ করে এ ঘটনার জন্য দায়ীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থার পাশাপাশি ঐ ৭৭ লাখ টাকার কাজ যাতে স্বচ্ছভাবে উপযুক্ত প্রতিষ্ঠানকে দেওয়া হয় সে ব্যাপারে বিদ্যুৎ বিভাগকে নজর দেওয়ার ওপর গুরুত্বারোপ;

খ. ইত্তেফাক, জনকণ্ঠ : এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থীরা তাদের স্কুলের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ না করেও ৭০ শতাংশ ক্লাসে উপস্থিতির মাধ্যমে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করার সরকারি সিদ্ধান্তটি শিক্ষাক্ষেত্রে কল্যাণ বয়ে আনতে পারবেনা উল্লেখ করে সরকারকে এ ব্যাপারে পুনর্বিবেচনার সুপারিশ;

গ. সংবাদ : কিডনি রোগের ব্যাপারে মানুষকে সচেতন করার পাশাপাশি কিডনি রোগী যাতে সহজে চিকিৎসা পায় এবং চিকিৎসার উপকরণাদি যাতে সুলভ ও সহজলভ্য হয় সে ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান;

ঘ. ইনকিলাব : চলমান রাজনৈতিক অস্থিরতা দেশের অর্থনীতিকে ক্ষতিগ্রস্ত করছে বলে আন্তর্জাতিক অর্থ তহবিল (আইএমএফ) যে মন্তব্য করেছে জাতীয় স্বার্থে রাজনৈতিক অচলাবস্থা নিরসন জরুরি বলে মন্তব্য;

ঙ. ডেইলি স্টার, নিউজ টুডে : ব্লাড ক্যান্সার চিকিৎসায় বোনম্যারো প্রতিস্থাপনে বাংলাদেশের সফলতার প্রেক্ষিতে ভবিষ্যতে সরকারি ও বেসরকারি উভয় চিকিৎসাখাতকে এ ব্যাপারে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান;

চ. ইন্ডিপেনডেন্ট : বয়স্কভাতা প্রদানের ক্ষেত্রে রাজনীতিকরণ না করে ন্যায়সঙ্গতভাবে প্রকৃত বয়স্কদের অন্তর্ভুক্ত

করাসহ বয়স্কভাতা ১৬৫ টাকা থেকে বৃদ্ধির সুপারিশ;

ছ. ডেইলি সান : অপুষ্টির দীর্ঘমেয়াদী প্রভাবে দেশের যুব সমাজের বিরাট অংশ উচ্চতা ও ওজনে গড়পরতার চেয়েও কম হওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে শিশুদের অপুষ্টি দূরিকরণে সরকারকে অতিদ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের আহ্বান;

জ. নিউ নেশন : পাটের ব্যাগ জনপ্রিয় করতে সরকারি সংস্থাকে নিজেদের পণ্য বাজারজাত করাসহ অন্যান্য পণ্যের বাজারজাতকরণেও পাটের ব্যাগ ব্যবহার বাধ্যতামূলক করার ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ঝ. নিউ এজ : ঢাকা মহানগরীর জলাশয় ও উন্মুক্ত স্থানগুলো সুরক্ষার লক্ষ্যে নতুন ড্যাপের বিধানগুলো পুনরায় বিবেচনা করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত কলামে আমাদের জাতির ইতিহাসে রাজনীতির ক্ষেত্রে ব্যর্থতার মূলে রয়েছে গণতান্ত্রিক আদর্শ অনুসরণে রাজনৈতিক নেতৃত্বের ব্যর্থতা বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'পারিবারিক সম্পর্কে নয়া সমীকরণ' শিরোনামের নিবন্ধে আব্দুল্লাহ আল মামুন সহনশীলতা ও পারস্পরিক সম্মান, শ্রদ্ধার মাধ্যমেই পিতা-মাতা ও সন্তানের মধ্যে সংস্কৃতিগত দ্বন্দ্ব সংঘাতের সমাধান করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা